# AKASHVANI (AIR)
# RNU : KOLKATA
# Bengali Text Bulletin

**Date: 17.05.2024** **Time: 7.50 P.M.**

<u>বিশেষ বিশেষ খবরঃ-</u>

১) লোকসভা নির্বাচনে সপ্তম তথা চূড়ান্ত দফার ভোটের জন্য মনোনয়ন প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে।

শেষ তিন দফা ভোটের জন্য আজও প্রচার জমজমাট।

২) মুখ্যমন্ত্রীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করার অভিযোগে নির্বাচন কমিশন তমলুকের বিজেপি প্রার্থী প্রাক্তন বিচারপতি অভিজিত্ গাঙ্গুলীকে শোকজ করেছে।

৩) সন্দেশখালির গ্রেপ্তার হওয়া বিজেপি নেত্রী পিয়ালী দাসকে অবিলম্বে মুক্তির নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট।

বিজেপি আদালতের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে।

৪) পশ্চিম বর্ধমানের কাঁকসায় একটি স্পঞ্জ আয়রন কারখানায় নর্দমা নির্মানের সময় পাঁচিল চাপা পড়ে ২ শ্রমিকের মৃত্যু। আহত আরও দুজন। ঐ ঘটনায় এলাকায় উত্তেজনা।

৫) দক্ষিণবঙ্গে ঘর্মাক্ত গরমের মধ্যেই ফের তাপপ্রবাহের সতর্কবার্তা। তবে রবিবার থেকে আছে বৃষ্টির সম্ভাবনাও।

---

লোকসভা নির্বাচনে সপ্তম তথা চূড়ান্ত দফার ভোটের জন্য মনোনয়ন পত্র প্রত্যাহারের সময়সীমা আজ শেষ হয়েছে। এই দফায় পশ্চিমবঙ্গের ৯-টি সহ মোট ৫৭-টি আসনে পয়লা জুন ভোট নেওয়া হবে। এই রাজ্যের আসন গুলি হল কলকাতা উত্তর ও দক্ষিণ, যাদবপুর, ডায়মন্ডহারবার, মথুরাপুর, জয়নগর, বারাসাত, বসিরহাট এবং দমদম। একইসঙ্গে বরানগর বিধানসভা আসনের উপনির্বাচনেও ঐ দিনই ভোট নেওয়া হবে।

এদিকে, পঞ্চম দফার ভোটের প্রচার শেষ হচ্ছে আগামীকাল। এই দফায় বনগাঁ, ব্যারাকপুর, হাওড়া, উলুবেড়িয়া, শ্রীরামপুর, হুগলী, আরামবাগ–এই সাতটি আসনে সোমবার বিশে মে ভোট নেওয়া হবে।

হাওড়া লোকসভা কেন্দ্রের নির্বাচন নিয়ে আমাদের ইলেকশন সেলের একটি প্রতিবেদন।

ভয়েসকাস্ট

পঞ্চম দফার ভোটে ৬১৩ কোম্পানী কেন্দ্রীয় বাহিনী ভোটের কাজে মোতায়েন করার কথা জানানো হলেও রাজ্যের বর্তমান আইনশৃঙ্খলা পরিস্থিতির কথা বিবেচনা করে আরও ৩৭ কোম্পানী বাহিনী আনা হচ্ছে। এর ২০ কোম্পানী মনিপুর এবং ১৭ কোম্পানী মধ্যপ্রদেশ থেকে আসবে। এই পর্বে থাকছে ৫৬৭ সেকশন ক্যুইক রেসপন্স টিম।

-----------------------

নির্বাচন কমিশন, ষষ্ঠ দফার ভোটে পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলার ওপর কড়া নজর রাখছে। ভোটের আগে ও পরে ওই দুই জেলায় অপ্রীতিকর ঘটনার আশঙ্কা রয়েছে

বলে আগাম খবরের ভিত্তিতেই কমিশনের এই সতর্কতা। উপ নির্বাচন কমিশনার নিতেশ ব্যাস ভোটের দিন এবং তার আগে এবং পরে ঐ দুই জেলায় কোনোরকম অশান্তি এড়াতে উপযুক্ত ব্যবস্থা গ্রহণের জন্য মুখ্য নির্বাচনী আধিকারিক কে নির্দেশ দিয়েছেন।

২৫ শে মে ভোটের দিন ঐ দুই জেলায় কোনোরকম গন্ডগোল হলে তাৎখনিক ব্যবস্থা নিতে হবে। সঙ্গে সঙ্গে পাঠাতে হবে কুইক রেসপন্স টিম।

এদিকে, এই নির্দেশ পাওয়ার পর মুখ্য নির্বাচনী আধিকারিক আরিজ আফতাব আজ ওই দুই জেলাশাসক এবং পুলিশ সুপার দের সঙ্গে জরুরি ভিত্তিতে এক বৈঠক করেন।

----------------------

মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বিরুদ্ধে কুরুচিকর মন্তব্য করার অভিযোগের প্রেক্ষিতে নির্বাচন কমিশন, তমলুকের বিজেপি প্রার্থী , প্রাক্তন বিচারপতি অভিজিৎ গাঙ্গুলীকে শো-কজ করেছে। আগামী সোমবার বিকেল ৫ টার মধ্যে তাঁর জবাব চেয়ে নোটিশ পাঠানো হয়েছে বলে কমিশন সূত্রে খবর। নির্বাচন কমিশন ওই নোটিশে জানিয়েছে অভিজিৎ বাবু গত বুধবার এক জনসভায় মুখ্যমন্ত্রীর নাম করে যে বক্তব্য রেখেছেন তা বিচারবুদ্ধিহীন, শালিনতার সীমা লঙ্ঘনকারী ও কুরুচিকর। ভোট পর্ব চলাকালীন এধরণের বক্তব্যে নির্বাচনী আচরণবিধিও ভঙ্গ হয়েছে। উল্লেখ্য, গত ১৫ মে হলদিয়ার এক জনসভা থেকে অভিজিৎ গঙ্গোপাধ্যায় তৃণমূল সুপ্রিমোকে নিশানা করে বিতর্কিত মন্তব্য করেছিলেন। সেই নিয়ে গতকালই কমিশনের কাছে অভিযোগ জানিয়েছিল তৃণমূল কংগ্রেস।

----------------------

শেষ তিন দফা ভোটের জন্য রাজ্যে আজও প্রচার ছিল জমজমাট।

তৃণমূল কংগ্রেস প্রধান মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জি আজ রাজ্যে একাধিক জনসভা করেন। ঝাড়গ্রামের সভামঞ্চ থেকে কেন্দ্রের বিজেপি সরকারের বিরুদ্ধে রাজ্যকে বঞ্চনার অভিযোগ তোলেন। গোপীবল্লভপুরের গজাশিমুল নবজোয়ার ময়দানে মুখ্যমন্ত্রী বলেন, NRC/CAA-র মতো আইনের সাহায্যে বিজেপি দেশে বিভেদ তৈরি করতে চাইছে। দিল্লিতে ইন্ডিয়া জোট ক্ষমতায় এলে এগুলির পাশাপাশি অভিন্ন ফৌজদারি বিধি বাতিল করা হবে। বাংলায় CPIM কংগ্রেসের সঙ্গে কোনো জোট নেই বলে আজও মন্তব্য করেন মমতা।

(বাইট- মমতা)

এরপর তিনি ঘাটালের দলীয় প্রার্থীর সমর্থনে একটি সভা ও মেদিনীপুরে একটি রোড শো করেন।

এদিকে, সিপিআইএম রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম আইএনডিআইএ জোটকে বাইরে থেকে সমর্থনের যেকথা মুখ্যমন্ত্রী গতকাল প্রচারে বলেন, তার সমালোচনা করেছেন। নির্বাচন কমিশনে আজ এক সাংবাদিক সম্মেলনে তিনি বলেন,

(বাইট সোলিম)

হুগলি লোকসভা কেন্দ্রের তৃণমূল কংগ্রেস প্রার্থী রচনা ব্যানার্জী আজ চন্দননগরের বিভিন্ন ওয়ার্ডে প্রচার চালান।

বনগাঁ লোকসভা কেন্দ্রের ঐ দলের প্রার্থী বিশ্বজিৎ দাস বাগদায় প্রচারে গিয়ে ক্রিকেট খেলায় যোগ দেন।

অন্যদিকে নৈহাটির বড় মা কালী মন্দিরে ও হালিশহরের রামপ্রসাদের ভিটেতে আজ পুজো দেন কীর্তি আজাদ।

বিজেপির রাজ্য সভাপতি সুকান্ত মজুমদার আজ হুগলীতে রোড শো করেন।

কলকাতা উত্তর আসনে বাম সমর্থিত কংগ্রেস প্রার্থীর হয়ে প্রচারে অংশ নেন বিমান বসু ও অন্য বাম নেতৃবৃন্দ।

-----------------------

পূর্ব মেদিনীপুরের মারিশদায় ভোট পরবর্তী হিংসার তদন্তে সি বি আই আজ তৃণমূল কংগ্রেসের দুই নেতার বাড়িতে হানা দেয়। প্রথমে তারা যায় সিজুয়া গ্রামে দেবব্রত পন্ডার বাড়িতে। কিন্তু তিনি বাড়িতে ছিলেন না। তাঁর মেয়েকে এবং স্থানীয় গ্রামবাসীদের জিজ্ঞাসাবাদ করেন তদন্তকারীরা। ঘণ্টা দু-একের পর সেখানে থেকে তাঁরা বেরিয়ে যান।

সিবিআই-এর অন্য একটি দল ইছাঘেরা গ্রামে পঞ্চায়েত প্রধান বুদ্ধদেব মাইতির বাড়িতে যান। তিনিও বাড়িতে ছিলেন না। সিবিআই আধিকারিকরা তখন অন্য কয়েকজনকে জেরা করেন। পরে বুদ্ধাদেব বাবুর বাবা নন্দুলাল মাইতি বাড়ি ফেরেন। ভোটের আগে অকারণে সিবিআই তল্লাশির ঘটনায় সাংবাদিকদের কাছে তিনি অসন্তোষ ব্যক্ত করেছেন।

-----------------------

সন্দেশখালির গ্রেফতার হওয়া বিজেপি নেত্রী পিয়ালী দাসকে অবিলম্বে মুক্তির নির্দেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। নিম্ন আদালত তাঁকে সাত দিনের জেল হেফাজতের নির্দেশ দিয়েছিল। এর বিরুদ্ধে কলকাতা হাইকোর্টের দ্বারস্থ হয়েছিলেন পিয়ালী। আজ বিচারপতি জয় সেনগুপ্ত তাঁকে ব্যক্তিগত বন্ডে মুক্তির নির্দেশ দিয়ে গ্রেফতারি নিয়ে প্রশ্ন তুলেছেন। এই গ্রেফতারির নেপথ্যে কে রয়েছেন সেই প্রশ্ন তুলেছেন বিচারপতি। ওই

বিজেপি নেত্রীর বিরুদ্ধে ১৯৫ (এ) ধারায় যে অভিযোগ দায়ের হয়েছে, তা-ও স্থগিত থাকবে বলে আদালত নির্দেশ দিয়েছে।

উল্লেখ্য সন্দেশখালি স্টিং অপারেশনের ভিডিও সামনে আসার পর একাধিক অভিযোগের ভিত্তিতে পুলিশ পিয়ালী দাসকে নোটিস দেয়। গ্রেফতারি এড়াতে বসিরহাট আদালতে আগাম জামিন চাইতে গিয়ে গ্রেফতার হন তিনি।

-----------------------

বিজেপি আদালতের এই নির্দেশকে স্বাগত জানিয়েছে। বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী অভিযোগ করেন, পিয়ালীকে রাজ্য পুলিশ অবৈধভাবে গ্রেপ্তার করেছিল। তাই তাকে মুক্তি দেওয়ার এই নির্দেশ যথাযথ।

দলের আর এক নেতা শমিক ভট্টাচার্য্য বলেন,

বাইট -

অন্যদিকে, প্রদেশ কংগ্রেস সভাপতি অধীর রঞ্জন চৌধুরীও বলেছেন, সন্দেশখালির ঘটনার তদন্ত হাইকোর্টের তত্ত্বাবধানে হচ্ছে। এধরনের ঘটনার পুনরাবৃত্তি যাতে না হয়, তাঁর দল সেটাই চায়। এরজন্য তিনি উপযুক্ত শাস্তিরও দাবি জানিয়েছেন।

বাইট

-----------------------

রাজ্যপাল সিভি আনন্দ বোসের বিরুদ্ধে ওঠা নারী নির্যাতনের অভিযোগকে কেন্দ্র করে তৃণমূল কংগ্রেসের শিক্ষক ও অধ্যাপক সংগঠনের রাজভবন অভিযানকে কেন্দ্র

করে আজ তুলকালাম বাঁধে। দুপুরে রানি রাসমনি অ্যাভিনিউ থেকে মিছিল করে সংগঠনের সদস্যরা রাজভবনের উদ্দেশ্যে এগিয়ে যান।

তবে রাজভবনে পৌঁছনোর আগেই ব্যারিকেড তৈরি করে আন্দোলনকারীদের পুলিশ আটকে দেয়। পুলিশের সঙ্গে ধস্তাধস্তি বেঁধে যায় আন্দোলনকারীদের। ঘটনার জেরে তৃণমূলের শিক্ষা সেলের সভাপতি মহিদুল ইসলাম-সহ বেশ কয়েকজন অসুস্থ হয়ে পড়েছেন।

অন্যদিকে ব্যারিকেড ভেঙে এগনোর ঘটনায় আন্দোলনকারী একাধিক শিক্ষককে আটক করেছে পুলিশ।

----------------------

পশ্চিম বর্ধমানের কাঁকসা থানার বামুনারা শিল্প তালুকে একটি বেসরকারি স্পঞ্জ আয়রন কারখানায় নর্দমা নির্মানের সময় পাঁচিল চাপা পড়ে ২ শ্রমিকের মৃত্যু হয়েছে। আহত আরো দুজন। মৃত চন্দন বাউরি ও রাম টুডু গোপালপুরের বাসিন্দা। গুরুতর আহত বাকি দুজনকে দুর্গাপুরে একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়েছে।

এদিকে, এই দুর্ঘটনার পর কারখানা চত্বরে ব্যাপক উত্তেজনা ছড়ায়। শ্রমিক ও গ্রামবাসীরা নিরাপত্তার দাবিতে কারখানার ভেতরে ও বাইরে বিক্ষোভ দেখাতে থাকেন। মৃতদেহ আটকে রাখা হয়। কারখানায় চলে ভাঙচুর। খবর পেয়ে বিশাল পুলিশবাহিনী ও কমব্যাট ফোর্স ঘটনাস্থলে যায়। পুলিশকে ঘিরে ধরে চলে বিক্ষোভ। পরে পুলিশ পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে। কারখানায় এখনও পুলিশ মোতায়েন রয়েছে ।

---------------------- --------------------